

কিউএস র‍্যাংকিংয়ে কৃষি ও বনবিদ্যায় দেশসেরা বাকৃবি

বাকৃবি প্রতিনিধি



ছবি: কালের কণ্ঠ

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা ও গবেষণা সংস্থা
কোয়াককোয়ারেলি সায়মন্ডসের (কিউএস)
'ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সাবজেক্ট র‍্যাংকিং-২০২৬'
প্রকাশিত হয়েছে। প্রকাশিত বিষয়ভিত্তিক
র‍্যাংকিং অনুযায়ী, কৃষি ও বনবিদ্যা বিষয়ে
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি)
দেশসেরার খেতাব অর্জন করেছে।

প্রকাশিত র‍্যাংকিং অনুযায়ী, কৃষি ও বনবিদ্যা
বিষয়ে বিশ্বে ২৫১-৩০০তম অবস্থানেই রয়েছে
বাকৃবি। এ নিয়ে টানা তিন বছর দেশের
বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম স্থান ধরে
রেখেছে প্রতিষ্ঠানটি।

গত বুধবার (২৫ মার্চ) কিউএস তাদের
ওয়েবসাইটে এ তথ্য প্রকাশ করেছে।

তথ্য বলছে, ২০২২-২৩ সালে বাকুবির অবস্থান
ছিল ৩০১-৩৫০তম। সেখান থেকে উন্নতি করে
২০২৪ সালে ২৫১-৩০০তম স্থানে উঠে এলেও,
পরবর্তী তিন বছরে এই অবস্থানে রয়েছে
বাকুবি। এরপর আর কোনো দৃশ্যমান অগ্রগতি
হয়নি।

ফলে আন্তর্জাতিক অঙ্গনে প্রতিযোগিতামূলক
অবস্থান ধরে রাখতে পারলেও, উন্নয়নের
ধারাবাহিকতা নিয়ে দেখা দিয়েছে সংশয়।

তবে বিশ্ববিদ্যালয়টির একই স্থান ধরে রাখার
পেছনে গবেষণার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।
বিশেষ করে প্রতি প্রবন্ধে উদ্ধৃতি (Citations per
Paper) সূচকে বাকুবি পেয়েছে ৮৪.৮ স্কোর, যা
এর সর্বোচ্চ অর্জন নির্দেশ করে। এ ছাড়া
অন্যান্য সূচকের মধ্যে রয়েছে, এইচ-ইনডেক্স
সাইটেশনস ৬৬.৪, এমপ্লয়ার রিপুটেশন ৫২.৬,
আন্তর্জাতিক গবেষণা নেটওয়ার্ক ৪১ এবং
একাডেমিক সুনাম ৩৮.১ স্কোর।

এ ছাড়া কিউএস ২০২৬ সালের প্রকাশিত
র্যাংকিং অনুযায়ী আঞ্চলিক পর্যায়ে, দক্ষিণ
এশিয়ার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে বাকুবির
অবস্থান ৯৫তম। এশিয়ার বিশ্ববিদ্যালয় গুলোর
র্যাংকিংয়ে অবস্থান ৩৭৮তম (সমমান)।
সামাজিক ও পরিবেশগত অবদানের
স্বীকৃতিস্বরূপ কিউএস সাসটেইনেবিলিটি
র্যাংকিংয়ে বাকুবি রয়েছে ১২০১-১২৫০তম
স্থানে, যা গতবছর ছিল ১৩৫১-১৪০০তম স্থানে।

এ বিষয়ে বাকুবি উপাচার্য অধ্যাপক ড. এ কে
ফজলুল হক ভূঁইয়া বলেন, ‘এই অবস্থানে
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় পরিবার আনন্দিত,
তবে আমরা পরিতুষ্ট নই। আগামী দিনে
আমাদের অবস্থান যেন অধিকতর উন্নত হয়
তার জন্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
পরিবারের সব সদস্য নিরলস প্রচেষ্টা চালিয়ে
যাবে।